দৈনিক ইনকিলাব

067

1 NOV 1986

# উপজেলা পরিক্রমা

## নাচোল

॥ মাহবুবুল আলম ॥

নবাবগঞ্জ জেলার উত্তরে বরেন্দ্র অঞ্চলে নাচোল উপজেলা। এই উপজেলার আয়তন ১১৯ দশমিক ৮৬ বর্গমাইল।

লোকসংখ্যা ৭৪ হাজার ৮৮৮ জন। পুরুষ ৩৮ হাজার ২৫০ জন। মহিলা ৩৬ হাজার ৬৩৮ জন।

ইউনিয়ন ৪টি। গ্রামের সংখ্যা ২২৪টি। খাদ্য গুদাম ৪টি। ডাক বাংলো ১টি, বাণিজ্যিক ব্যাংক ৫টি।

**জমি ও সেচ**

মোট জমি ৭৬ হাজার ৫১১ একর। আবাদী জমির পরিমাণ ৬৫ হাজার ৭৮০ একর। এর মধ্যে একফসলী ৪০ হাজার একর, দোফসলী ২৫ হাজার একর এবং তিনফসলী ৮৭০ একর। অনাবাদী জমির পরিমাণ ১০ হাজার ৭৩১ একর।

পাওয়ার পাম্প ৫২টি, স্যালো টিউবওয়েল ৩৩টি এবং নলকূপ ৬৩৮টি। উপজেলার সেচ ব্যবস্থা মোটেও উন্নত নয়। প্রয়োজনের তুলনায় পাওয়ার পাম্প ও স্যালো টিউবওয়েল একেবারেই অপ্রতুল। মূলতঃ পুকুরের পানি সেচের সবচাইতে বড় আধার।

**ডাক ও তার**

পাবলিক কল অফিস ১টি, ডাকঘর ৫টি। এই উপজেলার ডাক ও তার ব্যবস্থা একেবারেই সেকেলে। প্রায়শই টেলিগ্রাফ ও টেলিফোন লাইন বিকল থাকার অভিযোগ পাওয়া যায়।

**হাটবাজার**

বাজার ২টি। হাটের সংখ্যা ১৪টি। প্রতিটি হাটবাজারই প্রয়োজনীয় সংস্কারের অভাবে নানাবিধ সমস্যায় জর্জরিত। হাটগুলোতে টিনের শেড ও জল নিষ্কাশন ব্যবস্থা না থাকায় হাটুরেদের অসহনীয় দুর্ভোগ পোহাতে হয়।

**শিক্ষা**

এই উপজেলার শিক্ষা ব্যবস্থা মোটামুটি ভালই। কলেজ ১টি, উচ্চ বিদ্যালয় ৯টি, উচ্চ বালিকা বিদ্যালয় ১টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৪টি, মাদ্রাসা ৫টি, প্রাথমিক বিদ্যালয় ৪৮টি। শিক্ষিতের হার ২০%।

**সমবায় সমিতি**

উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি ১টি। এছাড়া আরো বিভিন্ন ধরনের ৫৪টি সমবায় সমিতি রয়েছ।

**যোগাযোগ**

নাচোল উপজেলার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত ভঙ্গুর। জেলা সদর ও দেশের অন্যান্য স্থানের সাথে যোগাযোগের একমাত্র মাধ্যম হল ট্রেন, না হয় গরুর গাড়ী। রেল স্টেশনের সংখ্যা ৩টি। রাস্তা জেলা পরিষদের ৩৪ মাইল। উপজেলা পরিষদের ১০০ মাইল। এবং ইট বিছানো ও পাকা রাস্তার পরিমাণ মাত্র ২ মাইল।

**অন্যান্য**

মসজিদ ১৯টি, মন্দির ৩টি।